



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার

৪র্থ বর্ষ

২য় সংখ্যা

জুন ২০১৪ খ্রিঃ

ওয়েব : www.wpsa-bb.com

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয়: পৃষ্ঠা ২
- ২। প্রবন্ধ/নিবন্ধ: পৃষ্ঠা ২-৬
- ৩। WPSA-BB বার্তা: পৃষ্ঠা ৬-৭
- ৪। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা: পৃষ্ঠা ৮

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইলঃ drsdchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206,
Tel : + 88 02 8750747, Fax : + 88 02 8818532
Mob : + 88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

সভাপতির বাণী



ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখার ত্রৈমাসিক 'WPSA-BB নিউজলেটার' ৪র্থ বর্ষের, ২য় সংখ্যা সময়মত প্রকাশিত হচ্ছে বিধায় প্রকাশনায় সংশ্লিষ্টদের জন্য রইল আন্তরিক ধন্যবাদ।

প্রিয় সুধী, আপনারা জানেন যে, পোল্ট্রি শিল্পের উন্নয়নে WPSA-BB নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তৃণমূল সদস্য ও খামারীদেরকে আধুনিক এবং বিজ্ঞানভিত্তিক জ্ঞান দেয়ার জন্য নিয়মিত পরিসরে জেলা/বিভাগীয় পর্যায়ে সেমিনার/কর্মশালা আয়োজন করছি। এরই ধারাবাহিকতায় ১০ ই মে, ২০১৪ তারিখে আমরা বরিশাল বিভাগের তৃণমূল পোল্ট্রি খামারীদের নিয়ে "লেয়ার খামার ব্যবস্থাপনা ও জীবনিরাপত্তা এবং ব্রুয়লার ও লেয়ার মুরগির রোগ প্রতিরোধ ও প্রতিকার" শীর্ষক একটি অর্ধ দিবস আঞ্চলিক কর্মশালা আয়োজন করি। উক্ত কর্মশালায় দেশ বরেণ্য পোল্ট্রি বিশেষজ্ঞগণ তাঁদের বাস্তব জ্ঞান উপস্থাপন করেন এবং বিভিন্ন প্রশ্নমালার বিষয়ভিত্তিক উত্তর দেন।

এ কথা অনস্বীকার্য যে, পোল্ট্রি ডিম ও মাংস দেশের মানুষের প্রোটিন ও পুষ্টির চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। জীবনধারণ ছাড়াও সুস্থ ও সবলভাবে বেঁচে থাকার জন্য প্রোটিনসমৃদ্ধ নির্ভেজাল খাদ্যের বিকল্প নেই। নির্ভেজাল প্রোটিন পেতে হলে প্রাণিকে মানসম্মত খাবার দিতে হবে। আর 'ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন বাংলাদেশ (FIAB)' এর সদস্যভুক্ত প্রস্তুতকারকগণ বিগত দু'দশক ধরে উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে খাদ্যের গুণগত মান নিশ্চিত করার জন্য উন্নত মানের খাদ্য উপাদান ব্যবহার করে প্রাণি খাদ্য প্রস্তুত করে বাজারজাত করে আসছে। বিগত এপ্রিল ২০১৪ মাসে রাজধানীর হাজারীবাগে ট্যানারী বর্জ্য মিশ্রিত পোল্ট্রি খাদ্য প্রস্তুতকারী একটি প্রতিষ্ঠানকে ড্রাম্যামান আদালত সীলগালা ও জরিমানা করেছে। গত ১৫ ই মে, ২০১৪ তারিখে একই এলাকায় পরিবেশ অধিদপ্তরের ড্রাম্যামান আদালত এ ধরণের আরো ৪ টি কারখানা উচ্ছেদ করেছে যার কোনটিই FIAB এর সদস্যভুক্ত নয়। সরকারের বিভিন্ন সংস্থার এ ধরণের সমন্বিত অভিযানের প্রশংসা করে আমরা সংবাদপত্রে বিবৃতি দিয়েছি। একই সাথে এ ধরণের অসাধু ফিড মিল ব্যবসায়ীদের আইনের আওতায় আনাসহ যে সকল ফিডমিল মানসম্মত খাদ্য প্রস্তুত করছে তাদের নিবন্ধন করার অনুরোধ জানিয়েছি। তাছাড়াও নিবন্ধন বিহীন সকল ফিডমিল জরুরী ভিত্তিতে বন্ধ করাসহ সরকারী নিবন্ধনকৃত ফিডমিলগুলোকে FIAB এর সদস্যভুক্তি বাধ্যতামূলক করার জোর দাবী জানিয়েছি।

পরিশেষে WPSA-BB কর্তৃক বরিশাল বিভাগের তৃণমূল সদস্য ও ক্ষুদ্র খামারীদের জন্য আঞ্চলিক কর্মশালায় সফল আয়োজনে সম্পূর্ণ WPSA-BB কার্যনির্বাহী পরিষদ ও অন্যান্য সদস্যবৃন্দ, কারিগরী পেপার উপস্থাপনকারী, প্রাণিসম্পদ অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তা এবং বরিশাল বিভাগের পোল্ট্রি খামারীবৃন্দের নিকট আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সম্মানিত পাঠক ও সুধীবৃন্দ; WPSA-BB এর ত্রৈ-মাসিক নিউজলেটারে আপনার সূচিন্ধিত মতামত/পরামর্শ প্রদান করে এর মান সমৃদ্ধকরণে সহায়ক ভূমিকা রাখার জন্য সবিশেষ আন্তরিক জানাচ্ছি। পরিশেষে সবাইকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানাচ্ছি।

মসিউর রহমান
সভাপতি, WPSA-BB

